

3 (Sem-6/CBCS) BEN-HC 1

2025

BENGALI
(Honours Core)

Paper : BEN-HC-6016

(সাহিত্যের সংজ্ঞা ও স্বরূপ)

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

- ১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০
- (ক) হোমারের 'ইলিয়াড' কত সালে রচিত হয়েছিল ?
- (খ) 'ইনিড' মহাকাব্যটি কার রচনা ?
- (গ) যে-কোন একটি সারস্বত মহাকাব্যের নাম উল্লেখ করো ।
- (ঘ) কালিদাস রচিত 'রঘুবংশ'-এর মূল উৎস কোন্ মহাকাব্য ?
- (ঙ) ব্যালাডকে দীনেশচন্দ্র সেন কী নামে অভিহিত করেছেন ?
- (চ) 'Ballad' কথাটি কখন থেকে প্রচলিত হয়েছে ?



- (ছ) দীনেশচন্দ্র সেন কার সহায়তায় বাংলার লোককথাগুলি সংগ্রহ করেছিলেন ?
- (জ) প্রাচীন কালে রোমে অভিনয় প্রাঙ্গণকে কী নামে অভিহিত করা হতো ?
- (ঝ) 'কাদম্বরী' গ্রন্থখানি কার রচনা ?
- (ঞ) 'পঞ্চতন্ত্র' গ্রন্থখানি কোন্ শতকে রচিত হয়েছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৫=১০

- (ক) 'শাহনামা' কার লেখা ? ইনি কোন্ দেশের কবি ছিলেন ?
- (খ) কবি পিণ্ডার কোন্ দেশের কবি ছিলেন ? তিনি কোন্ ধরনের গীতিকবিতা রচনা করেছিলেন ?
- (গ) রাজস্থানে প্রচলিত বীরপুরুষদের কাহিনিগুলি কোন্ ভাষায় রচিত ? এগুলি প্রধানত কোথায় পরিবেশিত হতো ?
- (ঘ) জাপানের প্রথম ঔপন্যাসিকের নাম কী ? তাঁর রচিত কাহিনিটির নাম লেখো ।
- (ঙ) সাংকেতিক নাটক রচনা করেছেন এমন দুজন নাট্যকারের নাম লেখো ।

৩। নিচের যে-কোন চারটি প্রশ্নের উত্তর দাও :

৫×৪=২০

- (ক) মহাকাব্যের উৎপত্তির ইতিহাস সংক্ষেপে লেখো ।
- (খ) 'Epic of Growth, Authentic Epic' বা প্রকৃত মহাকাব্য বলতে কী বোঝায় তা আলোচনা করো ।

- (গ) ব্যালাড-এর বৈশিষ্ট্যগুলি সূত্রাকারে লেখো ।
- (ঘ) বাংলা গীতিকবিতা সম্পর্কে যা জান লেখো ।
- (ঙ) তোমার পঠিত গ্রন্থ অবলম্বনে সংস্কৃত নাটকের কথা সংক্ষেপে আলোচনা করো ।
- (চ) উপন্যাসের উদ্ভব কীভাবে ঘটেছে তা তোমার নিজের ভাষায় লেখো ।

৪। নিচের যে-কোন চারটি প্রশ্নের উত্তর লেখো :

১০×৪=৪০

- (ক) তোমার পঠিত গ্রন্থ অবলম্বনে পাশ্চাত্য মহাকাব্যগুলির কথা আলোচনা করো ।
- (খ) বিভিন্ন প্রকার মহাকাব্যের উল্লেখ করে মহাকাব্যের উপাদানগুলি নিয়ে একটি আলোচনা প্রস্তুত করো ।
- (গ) গীতিকাব্য কাকে বলে ? গীতিকাব্যের নানা শাখা-প্রশাখার উল্লেখ করে এদের চরিত্র-লক্ষণগুলি ব্যাখ্যা করো ।

২+৮=১০

- (ঘ) Ballad কথার অর্থ কী ? ব্যালাড-এর ক্রমবিকাশের কথা তোমার নিজের ভাষায় লেখো ।

২+৮=১০

- (ঙ) নাটক বলতে কী বোঝায় ? প্রাচীন গ্রিক নাটক সম্পর্কে যা জান লেখো ।

২+৮=১০

- (চ) 'সমালোচনার কথা' গ্রন্থের তোমার পঠিত অংশ
অবলম্বনে বাংলা ছোটগল্পের পরিচয় দাও এবং এর
বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। ৪+৬=১০
- (ছ) প্রকৃতি অনুসারে নাটক কত প্রকার ও কী কী? কমেডি
নাটকের বৈশিষ্ট্যগুলি চিহ্নিত করো। ৩+৭=১০
- (জ) উপন্যাসের কাঠামো অনুসারে এর বিশিষ্ট লক্ষণগুলি
আলোচনা করো।
